গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৫ - জুন ৩০, ২০১৬

## সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৬

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৭

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ২০

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ টেকসই, নিরাপদ ও মানসম্মত মহাসড়ক অবকাঠামো এবং সমন্বিত আধুনিক গণপরিবহন ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে নিরবচ্ছিন্নভাবে কাজ করে যাচ্ছে। গত তিন অর্থবছরে এ বিভাগ কর্তৃক জাতীয়, আঞ্চলিক এবং জেলা মহাসড়ক মিলিয়ে সর্বমোট ১৭৮৬ কিলোমিটার মহাসড়কের পেভমেন্ট নির্মাণ/পুনর্বাসন, ৪০৯৬ কিলোমিটার মহাসড়কের ওভারলে কাজ এবং ২৭০০০ মিটার সেতু ও ৭৬৪৬ মিটার কালভার্ট নির্মান/পুনঃনির্মাণ করা হয়েছে। বিআরটিএ আধুনিক ও ডিজিটাল মোটরযান ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ পদ্ধতির অংশ হিসেবে বিশ্বমানের ড্রাইভিং লাইসেন্স, রেট্রোরিফ্লেক্টিভ নাম্বার প্লেট, আর.এফ.আইডি ট্যাগ ও ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রচলন করেছে। বিআরটিসি দীর্ঘদিন পর অপারেটিং মুনাফা অর্জনকারী প্রতিষ্ঠান হিসেবে পরিচালিত হচ্ছে। ঢাকা ও চট্টগ্রাম মহানগরীতে আধুনিক যুগোপযোগী ও পরিবেশ বান্ধব ট্যাক্সি ক্যাব সার্ভিস প্রবর্তন করা হয়েছে। সাম্প্রতিককালে কলকাতা-ঢাকা-আগরতলা এবং ঢাকা-শিলং-গৌহাটী আন্তর্জাতিক রুটে বাস সার্ভিস চালু করা হয়েছে। গত ১৫ জুন, ২০১৫ তারিখে বাংলাদেশ, ভুটান, ভারত ও নেপাল (বিবিআইএন) এর মধ্যে মোটর ভেহিকেল এগ্রিমেন্ট (Motor Vehicle Agreement) স্বাক্ষরিত হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

দেশীয় ঠিকাদারদের দক্ষতা ও দায়িত্বশীলতার অভাবে বাস্তবায়িত উন্নয়ন প্রকল্পসমূহের গুনগতমান বজায় রাখা সম্ভব হয় না। কিছুকিছু ক্ষেত্রে স্থানীয় পর্যায়ে প্রভাবশালী মহলের অনাকাঙ্ক্ষিত হস্তক্ষেপে কাজের গুনগতমানের উপর প্রভাব পড়ে। অনেক ক্ষেত্রে বিভিন্ন প্রতিকূল পরিস্থিতির কারণে দেশের মহাসড়কসমূহে এক্সেল লোড নিয়ন্ত্রণ করা সম্ভব হয় না। ফলে মহাসড়কসমূহ অতি দ্রুত ক্ষতিগ্রস্থ হচ্ছে। এছাড়া বিআরটিসি'র বহরে পর্যাপ্ত সংখ্যক যানবাহন বিশেষ করে ট্রাক না থাকায় প্রতিষ্ঠানটি বানিজ্যকভাবে লাভজনক হচ্ছে না।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

সকল শ্রেণীর মহাসড়ক আগামী পাঁচ বছরের মধ্যে ৮৫ শতাংশ Fair to Good Condition-এ উন্নীতকরণ এবং জাতীয় মহাসড়কসমূহকে পর্যায়ক্রমে ৪-লেনে উন্নীতকরণের পরিকল্পনা রয়েছে। চারলেনে উন্নীতকরণের ক্ষেত্রে আঞ্চলিক ও উপ-আঞ্চলিক যোগাযোগের মিসিং লিংককে (স্লো-মুভিং ভেহিক্যাল এর জন্য আলাদা লেনসহ) অগ্রাধিকার প্রদান করা হচ্ছে। দেশে বিদ্যমান ৪৯ টি ফেরীর স্থলে পর্যায়ক্রমে সেতু নির্মাণ করা হবে। ঢাকা মহানগরীর যানজট নিরসনে MRT Line-6 প্রকল্পটি অতিদ্রুত বাস্তবায়নের পাশাপাশি নতুন MRT Line নির্মাণের পরিকল্পনা রয়েছে। ঢাকা শহরে জনগণের সহজ ও সময়সাশ্রয়ী ভ্রমনের লক্ষ্যে ই-টিকেটিং ও ই-ক্লিয়ারিং হাউজ স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এছাড়া খুলনা-কলকাতা, যশোর-কলকাতা, চট্টগ্রাম-ঢাকা-শিলিগুড়ি ও চট্টগ্রাম-ঢাকা-কলকাতা আন্তর্জাতিক রুটে বাস সার্ভিস চালুর পরিকল্পনা রয়েছে। বিআরটিসির বাস বহরের জন্য ৩০০টি দ্বিতল, ১০০টি আর্টিকুলেটেড এবং ৫০০টি ট্রাক সংগ্রহের পরিকল্পনা আছে। আগামী ১০ বছরের মধ্যে সড়ক দুর্ঘটনায় মৃত্যুর হার ৫০% এবং সড়ক দুর্ঘটনার হার ৩০% হ্রাস করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

**২০১৫-১৬ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ৮০ কিলোমিটার জাতীয় মহাসড়ক ৪ লেনে উন্নীতকরণ ও ১৭৫ কিলোমিটার মহাসড়ক নতুন নির্মাণ;
- ২৪০ কিলোমিটার মহাসড়ক প্রশস্তকরণ, ৬৫ কিলোমিটর পুন:নির্মাণ ও ২০০০ কিলোমিটার মহাসড়ক সার্ফেসিংকরণ;
- ৬৬০০ মিটার সেতু ও কালভার্ট নির্মাণ ও ১০০০ মিটার সেতু ও কালবার্ট পুন:নির্মাণ;
- ২.২০ লক্ষ ড্রাইভিং লাইসেন্স ইস্যু ও নবায়ন, ৫.৫০ লক্ষ ফিটনেস সার্টিফিকেট ইস্যু ও নবায়ন;
- ১.৯০ লক্ষ ডিজিটাল রেজিস্টিশেন সার্টিফিকেট ইস্যু ও ২.২৫ লক্ষ যানবাহনে আরএফআইডি ট্যাগ সংযুক্তকরণ;
- মহাসড়কের ৭০ টি ব্লাক স্পটে দূর্ঘটনা রোধে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ;
- MRT প্রকল্পে ৩টি দরপত্র আহ্বান ও BRT প্রকল্পে ৯টি দরপত্র আহ্বান এবং ১০ টি চুক্তি সম্পাদন;

## উপক্রমণিকা (Preamble)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৫ সালের সেপ্টেম্বর মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১
## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision):**

একটি দক্ষ মহাসড়ক নেটওয়ার্ক ও নিরাপদ সড়ক পরিবহন ব্যবস্থা।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

মহাসড়ক মেরামত, সংস্কার ও রক্ষণাবেক্ষণ এবং উন্নয়ন ও সম্প্রসারণের মাধ্যমে জনগণের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে টেকসই, নিরাপদ ও মানসম্মত সড়ক অবকাঠামো এবং সমন্বিত আধুনিক গণপরিবহন ব্যবস্থা গড়ে তোলা।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. মহাসড়ক নেটওয়ার্কের উন্নয়ন ও সম্প্রসারণ;
২. ডিজিটাল মোটরযান ব্যবস্থাপনা সম্প্রসারণ;
৩. সড়ক নিরাপত্তা জোরদারকরণ;
৪. দ্রুতগতিসম্পন্ন গণপরিবহন ব্যবস্থা প্রবর্তন ও সম্প্রসারণ;
৫. আন্তর্জাতিক ও অভ্যন্তরীণ রুটে যাত্রী ও মালামাল পরিবহন সেবা সম্প্রসারণ;

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

**১.৪ কার্যাবলি (Functions)**

১. মহাসড়ক নেটওয়ার্কের মেরামত, সংস্কার ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কার্যক্রম;
২. জাতীয়, আঞ্চলিক ও জেলা সড়কসমূহের উন্নয়ন ও সম্প্রসারণ কার্যক্রম;
৩. অর্থনৈতিক দৃষ্টিকোণ থেকে গুরুত্বপূর্ণ মহাসড়ক নির্মাণ প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন কার্যক্রম;
৪. ডিজিটাল মোটরযান ব্যবস্থাপনা প্রবর্তন ও পরিচালনা কার্যক্রম;
৫. নিরাপদ সড়ক নিশ্চিত করা;
৬. সমন্বিত দ্রুত গতিসম্পন্ন গণপরিবহন ব্যবস্থার প্রবর্তন ও পরিচালনা কার্যক্রম;
৭. অভ্যন্তরীণ ও আন্তর্জাতি রুটে যাত্রী পরিবহন ও পণ্য পরিবহন সেবা প্রদান;
৮. সড়ক পরিবহন সেক্টরে পাবলিক-প্রাইভেট পার্টনারশিপকে উৎসাহিত করা;

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা ২০১৫-২০১৬ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-২০১৭ | ২০১৭-২০১৮ | | |
| জাতীয় মহাসড়কসমূহ "Fair to good condition" এ রূপান্তর | "Fair to good condition"এ রূপান্তরিত মহাসড়কসমূহ | শতাংশ | ৭৬ | ৭৮ | ৮০ | ৮১ | ৮২ | প্রযোজ্য নয় | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| সড়ক দুর্ঘটনা হ্রাস | হ্রাসকৃত সড়ক দুর্ঘটনা | সংখ্যা | ২০০১ | ১৭৪২ | ১৬০৩ | ১৪৭৭ | ১৩৬৭ | বাংলাদেশ পুলিশ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন ও ৭th Road Safety Action Plan |
| জাতীয় মহাসড়কে ভ্রমণ সময় হ্রাস | ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে ভ্রমণ সময় | ঘন্টা | ৯ | ৮ | ৫ | ৪.৫ | ৪.৫ | বাংলাদেশ পুলিশ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| জাতীয় মহাসড়কে ভ্রমণ সময় হ্রাস | জয়দেবপুর-ময়মনসিংহ মহাসড়কে ভ্রমণ সময় | ঘন্টা | ৪ | ৩ | ২.৫ | ১.৭৫ | ১.৫০ | বাংলাদেশ পুলিশ | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| জিডিপিতে স্থলপথ পরিবহন সেক্টরের অবদান | জিডিপিতে পরিবহন সেক্টরের অবদানের হার | % | ৭.২৭ | ৭.১৯ | - | - | - | বাংলাদেশ রেলওয়ে, স্থানীয় সরকার বিভাগ | বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০১৫ (প্রক্ষেপণ নির্ধারণ প্রক্রিয়াধীন) |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] মহাসড়ক নেটওয়ার্কের উন্নয়ন ও সম্প্রসারণ; | ৪০ | [১.১] জাতীয় মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ | [১.১.১] চার-লেনে উন্নীত মহাসড়ক | কিলোমিটার | ৭.০০ | | ১২০ | ৮০ | ৭৮ | ৭৬ | ৭৪ | ৭২ | ৮০ | ৮৫ |
| | | [১.২] মহাসড়ক নতুন নির্মাণ | [১.২.১] নতুন নির্মিত মহাসড়ক | কিলোমিটার | ৬.০০ | ২২০ | ১৭৫ | ১৭৫ | ১৭০ | ১৬৫ | ১৬০ | ১৫৫ | ১৫০ | ১৬০ |
| | | [১.৩] মহাসড়ক মজবুতিকরণ | [১.৩.১] মজবুতিকরণকৃত মহাসড়ক | কিলোমিটার | ৫.০০ | ১৭৩ | ১৪৭ | ১০৫ | ১০০ | ৯৮ | ৯৫ | ৯০ | ১১৫ | ১২০ |
| | | [১.৪] মহাসড়ক প্রশস্তকরণ | [১.৪.১] প্রশস্তকরণকৃত মহাসড়ক | কিলোমিটার | ৫.০০ | ২৭২ | ২৭১ | ২৪০ | ২৩৫ | ২৩০ | ২২৫ | ২২০ | ১৯০ | ২১০ |
| | | [১.৫] মহাসড়ক পুনঃনির্মাণ | [১.৫.১] পুনঃনির্মিত মহাসড়ক | কিলোমিটার | ৫.০০ | | | ৬৫ | ৬২ | ৬০ | ৫৮ | ৫৫ | ৭০ | ৭৫ |
| | | [১.৬] মহাসড়ক সারফেসিং | [১.৬.১] সার্ফেসিংকৃত মহাসড়ক | কিলোমিটার | ৫.০০ | ১৩৪৮ | ১৪৫০ | ২০০০ | ১৯০০ | ১৮০০ | ১৭০০ | ১৬০০ | ২০০০ | ২১০০ |
| | | [১.৭] সেতু ও কালভার্ট নির্মাণ/পুনঃনির্মাণ | [১.৭.১] নির্মিত সেতুওকালভার্ট | মিটার | ৪.০০ | ৮৪০০ | ৬৪০০ | ৬৬০০ | ৬৫০০ | ৬২০০ | ৬১০০ | ৬০০০ | ৪৫০০ | ৭০০০ |
| | | [১.৭] সেতু ও কালভার্ট নির্মাণ/পুনঃনির্মাণ | [১.৭.২] পুনঃনির্মিত সেতু ও কালভার্ট | মিটার | ৩.০০ | ১১৬০ | ৬৪০ | ১০০০ | ৯৭৫ | ৯৫০ | ৯২৫ | ৯০০ | ৮৫০ | ১০৫০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] ডিজিটাল মোটরযান ব্যবস্থাপনা সম্প্রসারণ; | ১৫ | [২.১] যানবাহনের ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট ইস্যু | [২.১.১] ইস্যুকৃত ডিজিটাল রেজি: সার্টিফিকেট | সংখ্যা (লক্ষ) | ৩.০০ | ১.৫১ | ১.৮০ | ১.৯০ | ১.৮৮ | ১.৮৫ | ১.৮২ | ১.৮০ | ১.৬০ | ১.৭০ |
| | | [২.২] সড়ক যানবাহনের ফিটনেস সার্টিফিকেট ইস্যু ও নবায়ন | [২.২.১] ইস্যুও নবায়নকৃত ফিটনেস সার্টিফিকেট | সংখ্যা (লক্ষ) | ৩.০০ | ৫.০৬ | ৫.০৪ | ৫.৫০ | ৫.৪৫ | ৫.৪০ | ৫.৩০ | ৫.২৫ | ৫.০০ | ৫.১০ |
| | | [২.৩] ড্রাইভিং লাইসেন্স ইস্যু এবং নবায়ন | [২.৩.১] ইস্যুকৃত ড্রাইভিং লাইসেন্স | সংখ্যা (লক্ষ) | ৩.০০ | ১.৪৬ | ১.৪৭ | ১.৫০ | ১.৪৮ | ১.৪৫ | ১.৪৩ | ১.৪০ | ১.৭০ | ১.৭৫ |
| | | | [২.৩.২] নবায়নকৃত ড্রাইভিং লাইসেন্স | সংখ্যা (লক্ষ) | ২.০০ | ০.৬৪ | ০.৬৭ | ০.৭০ | ০.৬৮ | ০.৬৫ | ০.৬৩ | ০.৬২ | ০.৬৫ | ০.৭০ |
| | | [২.৪] মোটরযান কর ও ফি আদায় | [২.৪.১] সংগৃহীত রাজস্ব | পরিমান (কোটি টাকা) | ২.০০ | ৯৫২ | ১০৬২ | ১০৮০ | ১০৭৫ | ১০৭০ | ১০৬৫ | ১০৬২ | ১১০০ | ১১৫০ |
| | | [২.৫] মোটরযানে রেট্রোরিফ্লেক্টিভ নাম্বার প্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজন | [২.৫.১] রেট্রোরিফ্লেক্টিভ নাম্বার প্লেট ও আরএফ আইডি ট্যাগ সংযোজিত যানবাহন | সংখ্যা (লক্ষ) | ২.০০ | ২.৭০ | ২.২১ | ২.২৫ | ২.২৪ | ২.২৩ | ২.২২ | ২.২১ | ১.৮০ | ১.৫০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] সড়ক নিরাপত্তা জোরদারকরণ; | ১৪ | [৩.১] ড্রাইভারদের প্রশিক্ষণ প্রদান | [৩.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত পেশাদার ড্রাইভার | সংখ্যা | ৩.০০ | ২৪.০০ | ১৮.০০ | ২৫০০০ | ২৪৭৫০ | ২৪৫০০ | ২৪২৫০ | ২৪০০০ | ২০০০০ | ২৫০০০ |
| | | | [৩.১.২] প্রশিক্ষণপ্রাপ্ত অপেশাদার ড্রাইভার | সংখ্যা (হাজার) | ৩.০০ | ৫.৫০ | ৬.৬০ | ৬.৬০ | ৬.৫০ | ৬.৩০ | ৬.১০ | ৬.০০ | ৬.৫০ | ৭.০০ |
| | | [৩.২] জনসচেতনতা সৃষ্টি | [৩.২.১] ভ্রাম্যমান আদালত পরিচালনা (মামলা) | সংখ্যা | ২.০০ | ৮৫৬১ | ২৩২০৬ | ২৪০০০ | ২৩৫০০ | ২৩০০০ | ২২০০০ | ২১০০০ | ২৪০০০ | ২৫০০০ |
| | | | [৩.২.২] অনুষ্ঠিত সভা ও সেমিনার | সংখ্যা | ২.০০ | ৬০ | ৫৫ | ৬০ | ৫৮ | ৫৭ | ৫৬ | ৫৫ | ৬৫ | ৭০ |
| | | | [৩.২.৩] বিতরণকৃত লিফলেট ও পোস্টার | সংখ্যা (লক্ষ) | ২.০০ | ৪.৬০ | ১.৭২ | ৬.৮২ | ৬.৫০ | ৬.২৫ | ৬.০০ | ৫.৫০ | ৭.০০ | ৭.৫০ |
| | | [৩.৩] দুর্ঘটনা হ্রাসে ব্লাকস্পটসমূহে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ | [৩.৩.১] ঝুকি হ্রাসকৃত স্পট | সংখ্যা | ২.০০ | | ৮ | ৭০ | ৬৮ | ৬৫ | ৬২ | ৬০ | ৪০ | ২৬ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৪] দ্রুতগতিসম্পন্ন গণপরিবহন ব্যবস্থা প্রবর্তন ও সম্প্রসারণ; | ১১ | [৪.১] মাস র‍্যাপিড ট্রানজিট (এমআরটি) লাইন-৬ নির্মাণ | [৪.১.১] আহবানকৃত দরপত্র | সংখ্যা | ২.০০ | | ৫ | ৩ | ২ | ১ | ০ | ০ | | |
| | | | [৪.১.২] সম্পাদতি চুক্তি | তারিখ | ২.০০ | | | ৩০-০৪-২০১৬ | ১৫-০৫-২০১৬ | ৩০-০৫-২০১৬ | ১৫-০৬-২০১৬ | ৩০-০৬-২০১৬ | | |
| | | [৪.২] বাস র‍্যাপিড ট্রানজিট (বিআরটি) নির্মাণ | [৪.২.১] আহবানকৃত দরপত্র | সংখ্যা | ২.০০ | | | ৯ | ৭ | ৬ | ৫ | ৩ | | |
| | | | [৪.২.২] সম্পাদতি চুক্তি | সংখ্যা | ১.০০ | | | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | | |
| | | | [৪.২.৩] নির্মানকৃত বাস ডিপো | % | ১.০০ | | | ২৫ | ২২ | ২০ | ১৮ | ১৫ | ৫০ | ২৫ |
| | | [৪.৩] স্ট্রাটেজিক ট্রান্সপোর্ট প্ল্যান (এসটিপি) সংশোধন | [৪.৩.১] প্রণয়নকৃত আরএসটিপি | তারিখ | ১.০০ | | | ৩০-১২-২০১৫ | ১৫-০১-২০১৬ | ৩১-০১-২০১৬ | ১৫-০২-২০১৬ | ২৮-০২-২০১৬ | | |
| | | [৪.৪] ক্লিয়ারিং হাউজ স্থাপন | [৪.৪.১] প্রস্তুতকৃত সফটওয়ার | তারিখ | ১.০০ | | | ২৯-০২-২০১৬ | ১৫-০৩-২০১৬ | ৩১-০৩-২০১৬ | ৩০-০৪-২০১৬ | ৩১-০৫-২০১৬ | | |
| | | [৪.৪] ক্লিয়ারিং হাউজ স্থাপন | [৪.৪.২] প্রস্তুতকৃত র‍্যাপিড পাস | সংখ্যা (হাজার) | ১.০০ | ০ | ০ | ৫.০০ | ৪.৯০ | ৪.৭০ | ৪.৬০ | ৪.৫০ | ৫৫.০০ | ০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৫] আন্তর্জাতিক ও অভ্যন্তরীণ রুটে যাত্রী ও মালামাল পরিবহন সেবা সম্প্রসারণ; | ৩ | [৫.১] আন্তর্জাতিক ও অভ্যন্তরীণ রুটে বাস সেবা সম্প্রসারণ | [৫.১.১] সমীক্ষাকৃত আন্তর্জাতিক রুট | সংখ্যা | ৩.০০ | ০ | ২ | ৩ | ২ | ১ | ০ | ০ | ০ | ০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপণ ২০১৬-২০১৭ | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৫ | [১.১] খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [১.১.১] প্রশিক্ষণ সমাপ্তির পর নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | দিন | ১.০০ | | | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | | |
| | | [১.২] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৮-২০১৫ | ০১-০৯-২০১৫ | ০২-০৯-২০১৫ | ০৩-০৯-২০১৫ | ০৪-০৯-২০১৫ | | |
| | | [১.৩] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [১.৩.১] দাখিলকৃত অর্ধবার্ষিক ও ত্রৈমাসিক প্রতিবেদন | সংখ্যা | ১.০০ | | | ৫ | ৪ | ৩ | | | | |
| | | [১.৪] আওতাধীন সংস্থার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর | [১.৪.১] সমঝোতা স্মারক স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৫ | ১৯-১০-২০১৫ | ২২-১০-২০১৫ | ২৬-১০-২০১৫ | ২৯-১০-২০১৫ | | |
| | | [১.৫] বার্ষিক কর্মসম্পাদন-এর সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | [১.৫.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১.০০ | | | ৩ | ২ | ১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন | ৫ | [২.১] পরিবর্তিত ফরম্যাটে সিটিজেন্স চার্টার প্রণয়ন | [২.১.১] পরিবর্তিত ফরম্যাটে মন্ত্রণালয়/বিভাগের সিটিজেন্স চার্টার ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | | [২.১.২] অধিদপ্তর/সংস্থার সিটিজেন্স চার্টার প্রণীত ও প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | [২.২] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.২.১] নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১.০০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | [২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [২.৩.১] মন্ত্রণালয়/বিভাগে কমপক্ষে একটি করে অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | | [২.৩.২] মন্ত্রণালয়/বিভাগে কমপক্ষে একটি করে সেবা প্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| [৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | [৩.১] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.১.১] শুদ্ধাচার বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো (monitoring framework) প্রণীত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | | [৩.১.২] জুন/২০১৬ এর মধ্যে শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়িত কার্যক্রম | % | ১.০০ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.২] কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | [৩.২.১] প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৪] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | [৪.১] তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়ন | [৪.১.১] তথ্য প্রকাশ নির্দেশিকা ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | [৪.২] আওতাধীন দপ্তর/সংস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ | [৪.২.১] আওতাধীন সকল দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও যোগাযোগের ঠিকানার সঙ্কলন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | [৪.৩] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন | [৪.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫০ | | | ১৫-১০-২০১৫ | ২৯-১০-২০১৫ | ১৫-১১-২০১৫ | ৩০-১১-২০১৫ | ১৫-১২-২০১৫ | | |
| [৫] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | [৫.১] বাজেট বাস্তবায়ন কমিটির কর্মপরিধি যথাযথভাবে অনুসরণ | [৫.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত ও ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৫ | ৪ | ৩ | ২ | ১ | | |
| | | [৫.২] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৫.২.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, মাননীয় মন্ত্রী, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

২০.০৭.২০১৫
তারিখ

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

২০/০৭/২০১৫
তারিখ

সংযোজনী-১

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | বিআরটিএ | বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি |
| ২ | বিআরটিসি | বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট কর্পোরেশন |
| ৩ | ডিটিসিএ | ঢাকা ট্রান্সপোর্ট কোঅর্ডিনেশন অথরিটি |
| ৪ | ডিএমআরটিডিপি | ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট |
| ৫ | এডিপি | অ্যানুয়াল ডেভেলপমেন্ট প্রোগ্রাম |
| ৬ | ডিটিসিএ | ঢাকা ট্রান্সপোর্ট কোঅর্ডিনেশন অথরিটি |
| ৭ | জিডিএসইউটিপি | গ্রেটার ঢাকা সাসটেইনাবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট |
| ৮ | আরএফআইডি | রেডিও ফ্রিকুয়েন্সি আইডেন্টিফিকেশন |
| ৯ | আরএসটিপি | রিভাইজড স্ট্রাটেজিক ট্রান্সপোর্ট প্লান |
| ১০ | BRT | Bus Rapid Transit |
| ১১ | MRT | Mass Rapid Transit |
| ১২ | MTBF | Mid Term Budgetary Framework |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [১.১] জাতীয় মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ | [১.১.১] চার-লেনে উন্নীত মহাসড়ক | বিদ্যমান ২-লেন বিশিষ্ট মহাসড়কের পেভমেন্ট এর গড় প্রশস্ততা ২০ফুট এবং ৪-লেন বিশিষ্ট মহাসড়কের পেভমেন্ট এর গড় প্রশস্ততা ৪৮ফুট (মিডিয়ান ব্যতীত)। জাতীয় মহাসড়কসমূহকে পর্যায়ক্রমে ৪-লেনে উন্নীত করা হচ্ছে। | সড়ক ও জনপথ অধিদপ্তর | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [১.২] মহাসড়ক নতুন নির্মাণ | [১.২.১] নতুন নির্মিত মহাসড়ক | এলজিইডিসহ বিভিন্ন সংস্থার নিকট হতে হস্তান্তরিত সড়কসমূহকে সড়ক ও জনপথ অধিদপ্তরের ডিজাইন অনুযায়ী নতুন করে নির্মাণ করা হচ্ছে। এছাড়া বাই-পাস ও সংযোগ সড়কের জন্য নতুন মহাসড়ক নির্মাণ করা হচ্ছে। | সড়ক ও জনপথ অধিদপ্তর | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৩] মহাসড়ক মজবুতিকরণ | [১.৩.১] মজবুতিকরণকৃত মহাসড়ক | সড়ক পেভমেন্ট এর উপরিভাগের এক বা একাধিক ক্ষতিগ্রস্থ ও দুর্বল স্তরকে (সার্ফেসিং ব্যতীত) নতুন করে নির্মাণ করা। | সড়ক ও জনপথ অধিদপ্তর | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৪] মহাসড়ক প্রশস্তকরণ | [১.৪.১] প্রশস্তকরণকৃত মহাসড়ক | বিদ্যমান পেভমেন্ট এর একদিকে বা উভয়দিকে নতুন ডিজাইন অনুযায়ী পেভমেন্ট নির্মাণ। | সড়ক ও জনপথ অধিদপ্তর | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৫] মহাসড়ক পুনঃনির্মাণ | [১.৫.১] পুনঃনির্মিত মহাসড়ক | বিদ্যমান পেভমেন্ট সম্পূর্ণরূপে অপসারণ করে নতুন ডিজাইন (অধিক পুরুত্ব) অনুযায়ী পুন:নির্মাণ। | সড়ক ও জনপথ অধিদপ্তর | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৬] মহাসড়ক সারফেসিং | [১.৬.১] সার্ফেসিংকৃত মহাসড়ক | পেভমেন্ট এর উর্ধ্বস্তরে বিটুমিনাস অংশ সংস্কার ও পুন:নির্মাণ (কার্পেটিং) করা। | সড়ক ও জনপথ অধিদপ্তর | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৭] সেতু ও কালভার্ট নির্মাণ/পুনঃনির্মাণ | [১.৭.১] নির্মিত সেতু ও কালভার্ট | মহাসড়কে প্রয়োজন অনুযায়ী নতুন করে সেতু ও কালভার্ট নির্মাণ | সড়ক ও জনপথ অধিদপ্তর | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| | [১.৭.২] পুনঃনির্মিত সেতু ও কালভার্ট | ক্ষতিগ্রস্থ বিদ্যমান সেতু ও কালভার্ট অপসারণ করে পুন:নির্মাণ | সড়ক ও জনপথ অধিদপ্তর | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [২.১] যানবাহনের ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট ইস্যু | [২.১.১] ইস্যুকৃত ডিজিটাল রেজি: সার্টিফিকেট | ইলেক্ট্রনিক চিপযুক্ত ডিজিটাল স্মার্ট কার্ড যার উভয় পার্শ্বে গাড়ী ও মালিকানা সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য, গাড়ীর মালিকের ছবি ও নিরাপত্তা ফিচার প্রিন্টেড থাকে। | বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [২.২] সড়ক যানবাহনের ফিটনেস সার্টিফিকেট ইস্যু ও নবায়ন | [২.২.১] ইস্যুও নবায়নকৃত ফিটনেস সার্টিফিকেট | মটরযান রাস্তায় চলাচলের উপযুক্ততার সার্টিফিকেট হিসেবে ফিটনেস সার্টিফিকেট ইস্যু করা হয়। মটরযান পরিদর্শন সাপেক্ষে এই সার্টিফিকেট প্রতিবছর নবায়ন করা হয়। | বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [২.৩] ড্রাইভিং লাইসেন্স ইস্যু এবং নবায়ন | [২.৩.১] ইস্যুকৃত ড্রাইভিং লাইসেন্স | সড়ক, মহাসড়ক ও জনসাধারণের ব্যবহার্য স্থানে বৈধভাবে মটরযান চালানোর সনদ হিসেবে ড্রাইভিং লাইসেন্স ইস্যু করা হয়। | বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| | [২.৩.২] নবায়নকৃত ড্রাইভিং লাইসেন্স | পেশাদার ড্রাইভিং লাইসেন্স ৫(পাচঁ) বছর এবং অপেশাদার ড্রাইভিং লাইসেন্স ১০(দশ) বছর পর পর নবায়ন করা হয়। | বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৪] মোটরযান কর ও ফি আদায় | [২.৪.১] সংগৃহীত রাজস্ব | বিআরটিএ সাধারনত মোটরযান রেজিস্ট্রেশন ও মালিকানা হস্তান্তর বাবদ সড়ক কর, ড্রাইভিং লাইসেন্স ফি এবং অন্যান্য খাতে রাজস্ব আদায় করে থাকে। | বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৫] মোটরযানে রেট্রোরিফ্লেক্টিভ নাম্বার প্লেট ও আরএফআইডি ট্যাগ সংযোজন | [২.৫.১] রেট্রোরিফ্লেক্টিভ নাম্বার প্লেট ও আরএফ আইডি ট্যাগ সংযোজিত যানবাহন | আইএসও ৭৫৯১ মানের এ্যালুমিনিয়াম ব্যবহার করে এমবোজডকৃত ও সিকিউরিটি হলোগ্রামযুক্ত রেজিস্ট্রেশন নম্বর সম্বলিত নম্বার প্লেট সংযোজন। আরএফআইডি ট্যাগ- অত্যাধুনিক প্রযুক্তির উইন্ডশিল্ড স্টিকার যার মাধ্যমে মোটরযানের রেজিস্ট্রেশন নম্বর চেচিস নম্বর ও গাড়ীর ধরন তাৎক্ষনিকভাবে সনাক্ত করা যায়। | বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.১] ড্রাইভারদের প্রশিক্ষণ প্রদান | [৩.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত পেশাদার ড্রাইভার | পেশাগত দায়িত্ব ও কর্তব্য এবং সড়ক নিরাপত্তা বিষয়ে সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান। | বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| | [৩.১.২] প্রশিক্ষণপ্রাপ্ত অপেশাদার ড্রাইভার | অপেশাদার ড্রাইভারদের দক্ষতা বৃদ্ধির জন্য কারিগরি প্রশিক্ষণ প্রদান। | বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.২] জনসচেতনতা সৃষ্টি | [৩.২.১] ভ্রাম্যমান আদালত পরিচালনা (মামলা) | সড়ক পরিবহন সম্পর্কিত অপরাধ নিয়ন্ত্রণের উদ্দেশে ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হয়। এর ফলে সড়ক নিরাপত্তা বৃদ্ধি পায়। | বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| | [৩.২.২] অনুষ্ঠিত সভা ও সেমিনার | সড়ক নিরাপত্তা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সভা ও সেমিনারের আয়োজন | বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| | [৩.২.৩] বিতরণকৃত লিফলেট ও পোস্টার | সড়ক নিরাপত্তা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও পোষ্টার বিতরণ | বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.৩] দুর্ঘটনা হ্রাসে ব্লাকস্পটসমূহে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ | [৩.৩.১] ঝুকি হ্রাসকৃত স্পট | সড়ক নিরাপত্তা নিশ্চিতকরার লক্ষ্যে দুর্ঘটনাপ্রবন স্থানে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ (ব্লাক স্পট অপসারণ)। | সড়ক ও জনপথ অধিদপ্তর | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [৪.১] মাস র‌্যাপিড ট্রানজিট (এমআরটি) লাইন-৬ নির্মাণ | [৪.১.১] আহবানকৃত দরপত্র | MRT প্রকল্পের কন্ট্রাক্ট প্যাকেজ-৫ ও ৬ এর অধীনে সিভিল ওয়ার্কস এর ২টি (যথাক্রমে Viaduct and station from Agargaon to Karwanbazar ও Viaduct and station from Karwanbazar to Mothijheel) ও কন্ট্রাক প্যাকেজ-২ এর অধীনে ১টিসহ (Depot building workshade) সর্বমোট ৩ টি দরপত্র আহ্বান। | ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ(ডিটিসিএ)/ঢাকা মাস র‌্যা পিড ট্রানজিট ডেভলাপমেন্ট প্রজেক্ট (ডিএমআরটিডিপি) | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| | [৪.১.২] সম্পাদতি চুক্তি | MRT প্রকল্পের কন্ট্রাক প্যাকেজ-১ এর অধীনে Depot land development এর জন্য চুক্তি সম্পাদন | ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ/ঢাকা মাস র‌্যা পিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৪.২] বাস র‌্যাপিড ট্রানজিট (বিআরটি) নির্মাণ | [৪.২.১] আহবানকৃত দরপত্র | গাজীপুর হতে ঢাকা এয়ারপোর্ট পর্যন্ত BRT প্রকল্পের অধীনে বিভিন্ন প্রকার কার্যসম্পাদনের জন্য দরপত্র আহ্বান। | গ্রেটার ঢাকা সাসটেইনাবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (জিডিএসইউটিপি) | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| | [৪.২.২] সম্পাদতি চুক্তি | গাজীপুর হতে ঢাকা এয়ারপোর্ট পর্যন্ত BRT প্রকল্পের অধীনে বিভিন্ন প্রকার কার্যসম্পাদনের জন্য ঠিকাদারের সাথে চুক্তি সম্পাদন। | গ্রেটার ঢাকা সাসটেইনাবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (জিডিএসইউটিপি) | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| | [৪.২.৩] নির্মানকৃত বাস ডিপো | BRT প্রকল্পের অধীনে গাজীপুরে ১টি বাস ডিপো নির্মাণের কাজ চলমান রয়েছে। | গ্রেটার ঢাকা সাসটেইনাবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৪.৩] স্ট্রাটেজিক ট্রান্সপোর্ট প্ল্যান (এসটিপি) সংশোধন | [৪.৩.১] প্রণয়নকৃত আরএসটিপি | স্ট্রাটেজিক ট্রান্সপোর্ট প্লান-২০০৫ (এসটিপি) হলো ঢাকা শহরের পরিবহন ব্যবস্থাকে সুষ্ঠু, সমন্বিত এবং পরিকল্পিত করার লক্ষ্যে কৌশলগত পরিবহন পরিকল্পনা। এসটিপির মূল উপাদানগুলো: গণপরিবহন প্রকল্প গ্রহণ (MRT ও BRT), সার্কুলার রোড নির্মাণ, এক্সপ্রেসওয়ে নেটওয়ার্ক নির্মাণ এবং বাস সেক্টরের উন্নয়ন। ঢাকা শহরের জনসংখ্যা ও মোটরযানের সংখ্যা বৃদ্ধি এবং এসটিপি বহির্ভূত পরিবহন পরিকল্পনা গ্রহণ করায় এসটিপি জরুরীভিত্তিতে সংশোধন করা প্রয়োজন হয়ে পড়েছে। | ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৪.৪] ক্লিয়ারিং হাউজ স্থাপন | [৪.৪.১] প্রস্তুতকৃত সফটওয়ার | ঢাকা শহরে একই কার্ড (র‌্যাপিড পাস) ব্যবহার করে ভিন্ন ভিন্ন যানবাহনে ভ্রমণের ক্ষেত্রে এ সফটওয়ার মোট প্রাপ্ত অর্থ প্রাপ্যতা অনুযায়ী মালিকদের মধ্যে বিভাজন করবে। | ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ(ডিটিসিএ) | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| | [৪.৪.২] প্রস্তুতকৃত র‌্যাপিড পাস | 'র‌্যাপিড পাস' ডেবিট কার্ড জাতীয় একটি ডিভাইস যা ব্যবহার করে বিভিন্ন যানবাহনে ভ্রমণ করা যাবে। এমনকি এ কার্ড দিয়ে কেনা কাটাও করা যাবে। | ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ(ডিটিসিএ) | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| [৫.১] আন্তর্জাতিক ও অভ্যন্তরীণ রুটে বাস সেবা সম্প্রসারণ | [৫.১.১] সমীক্ষাকৃত আন্তর্জাতিক রুট | বাংলাদেশ ও ভারত এর মধ্যে আন্তর্জাতিক রুট প্রবর্তনের লক্ষ্যে রুটের সমীক্ষা | বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের বার্ষিক প্রতিবেদন | |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| বিভাগ | স্থানীয় সরকার বিভাগ | আহবানকৃত দরপত্র,সম্পাদতি চুক্তি | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক দরপত্র আহবান ও চুক্তি সম্পাদন | স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তরের প্রকল্প পরিচালক দরপত্র আহবান ও চুক্তি সম্পাদন করবেন | ১০% | দরপত্র আহবান ও চুক্তি সম্পাদন প্রক্রিয়া বিলম্বিত হতে পারে। |
| বিভাগ | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় | আহবানকৃত দরপত্র,সম্পাদতি চুক্তি | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক দরপত্র আহবান ও চুক্তি সম্পাদন | বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ এর প্রকল্প পরিচালক দরপত্র আহবান ও চুক্তি সম্পাদন করবেন | ১০% | দরপত্র আহবান ও চুক্তি সম্পাদন প্রক্রিয়া বিলম্বিত হতে পারে। |